



বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

তেজগাঁও, ঢাকা-১২০৮।



স্মারকনং- বুটেক্স/পঃনিঃ/১০৮/২০২২/১৬২

তারিখ : ২১/০৭/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, লেভেল-১ টার্ম-১ (সেশন : ২০২০-২০২১), লেভেল-২ টার্ম-২ (সেশনঃ ২০১৯-২০২০), লেভেল-৩ টার্ম-২ (সেশন : ২০১৯-২০২০) ও লেভেল-৪ টার্ম-২ (সেশন : ২০১৯-২০২০) এর সকল তাত্ত্বিক বিষয়ের জন্য কন্টিনিউয়াস এ্যাসেসমেন্ট (ক্লাস টেস্ট ও ক্লাশ হাজিরা)-এর নম্বরপত্র এবং সকল ব্যবহারিক/সেশনাল বিষয়ের (কন্টিনিউয়াস এ্যাসেসমেন্ট ও ব্যবহারিক ফাইনাল) নম্বরপত্র নিম্নের ছকে বর্ণিত লেভেল/টার্ম ও তারিখ অনুযায়ী জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কোর্স শিক্ষকগণকে অনুরোধ জানানো যাচ্ছে।

| ক্রম | লেভেল/টার্ম | নম্বরপত্র জমা দানের তারিখ |
|------|-------------------------------------|---------------------------|
| ১. | লেভেল-১ টার্ম-১, (সেশন : ২০২০-২০২১) | ২৮/০৭/২০২২ |
| ২. | লেভেল-২ টার্ম-২, (সেশনঃ ২০১৯-২০২০) | ২৫/০৭/২০২২ |
| ৩. | লেভেল-৩ টার্ম-২, (সেশনঃ ২০১৯-২০২০) | ২৫/০৭/২০২২ |
| ৪. | লেভেল-৪ টার্ম-২, (সেশনঃ ২০১৯-২০২০) | ০২/০৮/২০২২ |

উল্লেখ্য, ২ (দুই) কপি নম্বরপত্র নির্ধারিত খামে সিলগালা করে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির নিকট এবং ৩য় কপি নম্বরপত্র নির্ধারিত খামে সিলগালা করে (তাত্ত্বিক বিষয়ের ক্ষেত্রে সকল উত্তরপত্রসহ) পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে।

উক্ত খাম ও নির্ধারিত ফরমেটের নম্বরপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে সংগ্রহ করার জন্য কোর্স শিক্ষকগণকে অনুরোধ জানানো হ'ল।

স্বাঃ/-

(মোঃ রেজাউল হক)

পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

স্মারকনং- বুটেক্স/পঃনিঃ/১০৮/২০২২/১৬২

তারিখ : ২১/০৭/২০২২

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতিসহ সকল ডীন, বুটেক্স।
- ২। রেজিস্ট্রার, বুটেক্স।
- ৩। সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
- ৪। সংশ্লিষ্ট কোর্স শিক্ষক, অধ্যাপক/ ড./ জনাব :, বুটেক্স।
- ৫। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, বাটেবি।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ), বুটেক্স।
- ৭। সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
- ৮। শিক্ষক কমনরুম, বুটেক্স।
- ৯। সংরক্ষণ নথি।


২১/০৭/২২

(মারজানী তুবন নাহার)

সহকারী-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়